

সারাদেশ

## ভারতের সঙ্গে কথা হবে চোখে চোখ রেখে



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ১৯ জানুয়ারি ২০২৫ পঠিত: ? বার



আগামীর বাংলাদেশ জনগণের মতামতের ভিত্তিতে চলবে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেন, বাংলাদেশের মানুষ বেশি কিছু চায় না। মানুষ স্বাধীনভাবে তাদের মতপ্রকাশ করতে চায়। তাদের মৌলিক অধিকার নিয়ে সুখে-শান্তিতে বসবাস করতে চায়।

গতকাল মঙ্গলবার বিকেলে কুমিল্লা টাউন হল মাঠের মুক্তক্ষেত্রে আয়োজিত মতবিনিময় সভায় আসিফ মাহমুদ এ কথাগুলো বলেন। প্রতিবেশী দেশ ভারতকে বাংলাদেশের জনগণের সঙ্গে কথা বলতে হবে উল্লেখ করে তিনি আরও বলেন, একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে ভারতের সঙ্গে এ দেশের মানুষের কথা হবে চোখে চোখ রেখে। কথা হবে মাথা উঁচু করে। বাংলাদেশের মানুষকে কথা বলতে হবে সম্মান দিয়ে। ভারত এত দিন একটি দলের সঙ্গে কথা বলেছে; কিন্তু এখন আর তা হবে না। ভারতকে এখন কথা বলতে হবে এদেশের জনগণের সঙ্গে। বাংলাদেশকে পেছনে ফেলার যে প্র্যাকটিস (চর্চা) তারা এত দিন ধরে করে এসেছে, সেখান থেকে সরে আসতে হবে। আগামীর বাংলাদেশ জনগণের মতামতের ভিত্তিতে চলবে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেন, বাংলাদেশের মানুষ বেশি কিছু চায় না। মানুষ স্বাধীনভাবে তাদের মতপ্রকাশ করতে চায়। তাদের মৌলিক অধিকার নিয়ে সুখে-শান্তিতে বসবাস করতে চায়।

গতকাল মঙ্গলবার বিকেলে কুমিল্লা টাউন হল মাঠের মুক্তমঞ্চে আয়োজিত মতবিনিময় সভায় আসিফ মাহমুদ এ কথাগুলো বলেন। প্রতিবেশী দেশ ভারতকে বাংলাদেশের জনগণের সঙ্গে কথা বলতে হবে উল্লেখ করে তিনি আরও বলেন, "একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে ভারতের সঙ্গে এ দেশের মানুষের কথা হবে চোখে চোখ রেখে। কথা হবে মাথা উঁচু করে। বাংলাদেশের মানুষকে কথা বলতে হবে সম্মান দিয়ে। ভারত এত দিন একটি দলের সঙ্গে কথা বলেছে; কিন্তু এখন আর তা হবে না। ভারতকে এখন কথা বলতে হবে এদেশের জনগণের সঙ্গে। বাংলাদেশকে পেছনে ফেলার যে প্র্যাকটিস (চর্চা) তারা এত দিন ধরে করে এসেছে, সেখান থেকে সরে আসতে হবে।"

## এ বিভাগের আরও খবর



সুন্দরবন রক্ষায় আধুনিক প্রযুক্তির ব্যবহার শুরু  
বনদস্যু দমন ও বনাশ্রাণী রক্ষায় ড্রোন দিয়ে নজরদারি চালানো হচ্ছে।



নির্বাচন কমিশন পুনর্গঠনে রাষ্ট্রপতির সংলাপে আমন্ত্রণ  
সব রাজনৈতিক দলকে পর্যায়ক্রমে আমন্ত্রণ জানানো হবে বলে বঙ্গভবন সূত্রে জানা গেছে।



চা শিপ্পের উন্নয়নে বিশেষ প্যাকেজ ঘোষণা সরকারের  
রঙানি বাড়াতে ও শ্রমিকদের জীবনমান উন্নয়নে নেওয়া হয়েছে দীর্ঘমেয়াদী পরিকল্পনা।



কান চলচ্চিত্র উৎসবে প্রশংসিত বাংলাদেশের সিনেমা  
আন্তর্জাতিক অঙ্গনে বাংলা চলচ্চিত্রের নতুন জয়যাত্রা শুরু হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

<https://dhakaprobe.com/saradesh/%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A4%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%B8%E0%A6%99%E0%A7%8D%E0%A6%97%E0%A7%87-%E0%A6%95%E0%A6%A5%E0%A6%BE-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87-%E0%A6%9A%E0%A7%8B%E0%A6%96%E0%A7%87-%E0%A6%9A%E0%A7%8B%E0%A6%96-%E0%A6%B0%E0%A7%87%E0%A6%96%E0%A7%87>